



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
www.jessoreboard.gov.bd

স্মারক নং- বিঅ-৬/৪৪৫৫/৬৪৬


তারিখ : ১১-০১-২০২৩

বিষয় : কারণ দর্শানো জবাব প্রদান প্রসঙ্গে।


সূত্র : জেলা শিক্ষা অফিসার, বাগেরহাট এর ০৮-১২-২০২২ খ্রি. তারিখের জেশিঅবা/২০২২/৭৮৫ নং স্মারক পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে কর্তৃপক্ষের নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, বাগেরহাট জেলার রামপাল উপজেলাধীন উজলকুড় মাধ্যমিক বিদ্যালয়ের অনুমোদিত ম্যানেজিং কমিটির বিরুদ্ধে জনাব মো: মিজানুর রহমান অভিযোগ করলে জেলা শিক্ষা অফিসার, বাগেরহাট-কে তদন্তপূর্বক মতামতসহ প্রতিবেদন দাখিলের জন্য অনুরোধ করে পত্র দেয়া হয়। তদন্ত প্রতিবেদন দাখিল হয়েছে। তদন্ত প্রতিবেদনে তদন্ত কর্মকর্তা উল্লেখ করেছেন যে, "ভোটার তালিকায় ০২ জন মৃত ব্যক্তিকে ভোটার করা হয়েছে, একই ব্যক্তিকে ভোটার তালিকায় ০২ বার ভোটার করা হয়েছে, একই শিক্ষার্থীকে ০২ শ্রেণিতে দেখিয়ে শিক্ষার্থীর পিতা ও মাতাকে ভোটার করা হয়েছে এবং ভোটার তালিকায় প্রধান শিক্ষকের সাথে সভাপতির স্বাক্ষর না হলেও চলবে, তবে থাকলে ক্ষতি নাই"। এক্ষেত্রে প্রবিধান-২০০৯ এর ২, ১২(১) ও (৫) ধারা লংঘিত হয়েছে অর্থাৎ ভোটার তালিকা বিধি সম্মত হয়নি। এমতাবস্থায়, প্রবিধান-২০০৯ এর ২, ১২(১) ও (৫) ধারা লংঘিত হওয়ায় অনুমোদিত ম্যানেজিং কমিটি কেন বাতিল করা হবে না তার জবাব নিম্নস্বাক্ষরকারীর নিকট ৩০ দিনের মধ্যে দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

প্রধান শিক্ষক ও সদস্য সচিব, ম্যানেজিং কমিটি
উজলকুড় মাধ্যমিক বিদ্যালয় (১১৫১৭৮)
বাবুরহাট, রামপাল
বাগেরহাট।


(মোঃ সিরাজুল ইসলাম)
বিদ্যালয় পরিদর্শক

যশোর মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড, যশোর
ফোন : ০২৪৭৭৭৬২৭০৫


১১/০১/২০২৩

স্মারক নং- বিঅ-৬/৪৪৫৫/৬৪৬

তারিখ : ১১-০১-২০২৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হ'ল :

- ১। জেলা প্রশাসক, বাগেরহাট।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, রামপাল, বাগেরহাট।
- ৩। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, আঞ্চলিক কার্যালয়, খুলনা।
- ৪। জেলা শিক্ষা অফিসার, বাগেরহাট।
- ৫। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, রামপাল, বাগেরহাট।
- ৬। সভাপতি, ম্যানেজিং কমিটি, উজলকুড় মাধ্যমিক বিদ্যালয়, বাবুরহাট, রামপাল, বাগেরহাট।
- ৭। সংরক্ষণ নথি।

বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর